ভ্রান্তিকর বিজ্ঞাপন ও টেলিফোন সেবা

ভ্রান্তিকর বিজ্ঞাপনের উদাহরণ ঃ

♦ **নূন্যতম (মিনিমাম চার্জ) ঃ** একটা বিজ্ঞাপনে জানানো হয়েছে দূর পাল্লার কলে প্রতি মিনিটে মাত্র 5¢ দিতে হবে। তবে হয়ত প্রতি কলে মিনিমাম চার্জ $1.00।
1 মিনিটের কল = $1.00

♦ **ভৌগোলিক বাধানিষেধ ঃ** বিজ্ঞাপনে বলা হয়েছে ইউ এস-এর মধ্যে দূর পাল্লায় (লং ডিসটান্স) কলে প্রতি মিনিটে 5¢ দিতে হবে। তবে এটা শুধু এক স্টেট থেকে আরেক স্টেটের (রাজ্যের) জন্য প্রযোজ্য। শুধু ক্যালিফর্নিয়ার মধ্যে কলের দর বেশী হতেপারে।

♦ **সময়ের বাধ্যবাধকতা ঃ** বিজ্ঞাপনে বলা হয়েছে "অফ-পিক" (ব্যস্ততার সময় ছাড়া অন্যান্য সময়ে) কলে দূর পাল্লায় ফোনের দর মিনিট প্রতি 5¢ তবে এই দর শুধু "অফ-পিক" সময়ে রাত 9 টা থেকে সকাল 6 টা পর্যন্ত প্রযোজ্য। অন্যান্য সময়ে ফোন করলে বেশী দিতে হবে।



বিভ্রান্ত না হওয়ার সাধারণ নির্দেশ ঃ

♦ বিজ্ঞাপনটা নিজের কাছে রেখে দিন।
♦ সব লিখিত কাগজপত্র রেখে দিন।
♦ কয়েক মাসের বিল রেখে দিন।
♦ যে কোনো সেবায় গ্রাহক হওয়ার আগে গ্রাহকের প্রতিনিধির সঙ্গে কথা বলুন।
♦ সব তথ্য লিখিতভাবে চেয়ে নিন।
♦ ঐ কোম্পানি আপনার ভাষায় তথ্য দিতে পারে কিনা জেনে নিন।

ফোনে জুয়াচুরি প্রতিরোধ করা

ফোনে জুয়াচুরির উদাহরণ ঃ

♦ **"809" এরিয়া কোড সম্বন্ধে সাবধান।** এটা দেখে ইউ এস-এর এরিয়া কোড মনে হলেও বাস্তবে "809" এরিয়া কোড ক্যারিবিয়ান, এতে অনেক বেশী আর্ন্তজাতিক দর দিতে হবে।

♦ **"কল ফরওয়ার্ড" (এগিয়ে দেওয়ার) জুয়াচুরি সম্বন্ধে সতর্ক থাকুন।** আপনার অ্যান্সারিং মেশিনে হয়ত কেউ রেকর্ড করেছে যে আপনি টাকা বা পুরস্কার জিতেছেন। আপনাকে হয়ত *** বা # ডায়াল করে দু সংখ্যার একটা নম্বর ডায়াল করতে বলা হয়েছে (যেমন # 7-9 বা # 7-2) ও তার পর 800 নম্বর ডায়াল করে পুরস্কার চেয়ে নিতে বলা হয়েছে। ডায়াল করা মাত্র অন্য কেউ আপনার দূর পাল্লার অ্যাকাউন্টে প্রবেশের সুযোগ পেয়ে যাবে। এরা ঐ অ্যাকাউন্ট ব্যবহার করে ফোন করবে যার বিল আপনাকে ভরতে হবে।

♦ **"কালেক্ট কর" এর জুয়াচুরি থেকে সাবধান।** কে আপনাকে ফোন করছে না জানা থাকলে কখনও কালেক্ট কল নেবেন না। হয়ত বিদেশ থেকে কালেক্ট কল আসছে, যদি ঐ কল নেন আপনাকে চড়া দামের আন্তর্জাতিক চার্জ দিতে হবে। যে কল করবে সে আপনাকে যতক্ষণ সম্ভব ফোনে ব্যাস্ত রাখার চেষ্টা করবে।

সাধারণ নির্দেশ ঃ
♦ ভালোমত পড়ে বুঝে নিন।
♦ তৎক্ষণাৎ পরীক্ষা করুন ও বিলে সাশ্রয় করুন।
♦ চার্জ কেন করা হয়েছে তা জানার অধিকার আপনার আছে।
♦ সাবধান, ফোনে ব্যক্তিগত তথ্য দেওয়ার ব্যাপারে সতর্ক থাকুন।
♦ ঐ কোম্পানি আপনার ভাষায় তথ্য দিতে পারে কিনা জেনে নিন।

পরিচয় চুরি

পরিচয় চুরি করা অর্থাৎ কেউ যদি আপনার ব্যক্তিগত তথ্য যেমন ক্রেডিট কার্ড বা সোশাল সিকিওরিটি নম্বর অন্যায়ভাবে ব্যবহার করে। পরিচয় চুরি বন্ধ করতে ঃ

♦ অন-লাইন সার্ভিসে যোগ দিলে শুধু যতটুকু প্রয়োজন ততটুকু তথ্য জানাবেন।
♦ অন-লাইনে ব্যাঙ্কের কাজকর্ম করা, ইন্টারনেট সার্ভিস বা অন্য অন-লাইন সেবা ব্যবহার করার জন্য এমন কোনো পাসওয়ার্ড ব্যবহার করবেন না যা সহজে অনুমান করা যায়।
♦ অন্যের সঙ্গে একই কম্পুটার ব্যবহারের ব্যাপারে সতর্ক থাকবেন, অন্য কাউকে সেটা ব্যবহার করতে দেওয়ায় আগে সব উইন্ডো বন্ধ করে দেবেন।

যদি মনে হয় কেউ আপনার পরিচয় চুরি করছে নিচের নম্বরে ফোন ও ইমেলে তিনটে জায়গাতেই ঐ সমস্যার ব্যাপারে জানিয়ে দিন। প্রত্যেকটা কোম্পানিকে জানিয়ে দিন যে আপনার (ক্রেডিট ব্যবহার করে কেউ প ণ্য বা সেবা দাবি করলে তা যেন না দেওয়া হয় এবং আপনার লিখিত অনুমতি ছাড়া যেন কোনো ক্রেডিটের আবেদন স্বীকার না করা হয়।

ট্রান্স-ইউনিয়ন
(800) 888-4213
(800) 680-7289- গ্রাহকের সঙ্গে জুয়াচুরি

ইকুইফ্যাক্স
(800) 525-6285

এক্সপেরিয়ান
(888) 397-3742
আপনার স্থানীয় কম্যুনিটি বেস্‌ড

অর্গানাইজেসনের (CBO) সঙ্গে যোগাযোগ করুন ঃ

কম্যুনিটির জন্য টেলিকম রাইটস

কম্যুনিটি ফর টেলিকম রাইটস (CTR) অভিযান এক অভিনব এবং অভূতপূর্ব প্রয়াস, এখানে টেলিকম্যুনিকেশনের বিষয়ে গ্রাহককে সচেতন করে তোলা হয় এবং সীমিত ইংরেজি জ্ঞানের যেসব এশিয়ান ও ল্যাটিনো গ্রাহক ক্যালিফার্নিয়ায় বসবাস করছে তাদের বিভিন্ন বিষয়ে যেমন "স্ল্যামিং", "ক্র্যামিং", প্রিপেড ফোন কার্ড, ডায়াল অ্যারাউন্ড, সেল ফোন ও অন্যান্য টেলিকমের বিষয় সম্বন্ধে শিক্ষা ও সুরক্ষা দেওয়া হয়। আমরা যে ভাষাগুলিতে সুদক্ষঃ আর্মেনিয়, বাংলা, ক্যান্টনিস, গুজরাতি, ম্যান্ডারিন, হিন্দি, হমোং, খমের, কোরিয়ান, লাওশিয়ান, মিয়েন, রুশ, সিংহল, স্প্যানিশ, টাগালগ, তামিল, থাই, ভিয়েতনামি ও উর্দু।

কম্যুনিটি ফর টেলিকম রাইস 60 টির বেশী মুনাফাহীন, সমাজ কল্যানভিত্তিক সংগঠনের রাজ্যব্যাপী নেটওয়ার্ক। তিনটি "প্রধান এজেন্সি ঃ এশিয়া প্যাসিফিক অ্যামেরিকান লিগ্যাল সেন্টার (APALC), ল্যাটিন ইস্যুস ফোরাম (LIF) এবং ইউটিলিটি কনসুমার্স অ্যাকশন নেটওয়ার্ক (UCAN) এতে সমন্বয় ও সমর্থন দিচ্ছে।

আপনার এলাকার সংগঠনের খোঁজ নিতে হলে এ "কম্যুনিটি পার্টনার্স" এ ক্লিক করুন।

স্ল্যামিং

স্ল্যামিং অর্থাৎ যখন আপনার ফোন কোম্পানি আপনার অনুমতি ছাড়া বেআইনীভাবে আপনরা ফোন সার্ভিস বদলে দেয়।

স্ল্যামিং কিভাবে হয়?

♦ কেউ আপনাকে ফোন করে সার্ভেতে অংশগ্রহণ করতে বলবে। এই লোকটা আপনার কথাবার্তা রেকর্ড করে নেবে, যদি কোনো উত্তরে আপনি "হ্যাঁ" বলেন কোম্পানি ঐ রেকর্ডিং প্রমাণ হিসাবে ব্যবহার করে প্রতিপাদন করবে যে আপনি নিজের ফোন সার্ভিস বদলাতে অনুমতি দিয়েছেন।

♦ কোনো কোম্পানি হয়ত আপনার ড্র, সুইপস্টেপ (জুয়া) বা অন্য কোনো খেলায় অংশ নিতে বলবে। আপনাকে একটা কার্ড পূরণ করতে হবে যাতে ব্যক্তিগত কিছু তথ্য জানাতে হবে। ঐ কার্ডে কোথাও হয়ত আপনার ফোন কোম্পানি পরিবর্তন করে দেওয়ার সম্মতি থাকবে।

ক্র্যামিং

যখন কোনো কোম্পানি আপনার বিনা অনুমতিতে আপনার ফোন বিলে চার্জ করে তখন তাকে ক্র্যামিং বলা হয়। এই চার্জে ইন্টারনেট সার্ভিস, ভয়েস মেল, কল ওয়েট, ক্লাবের সদস্যতা থাকতে পারে।

আমাকে ক্র্যাম করা হলে কি করব?

♦ ফোনের বিল সাবধানে রাখুন, প্রতি মাসে বিল পরীক্ষা করে দেখুন নতুন কোনো চার্জ করা হয়েছে কি না।

♦ আপনার অনুমতি ছাড়া অতিরিক্ত বিলের সমস্যা প্রতিরোধ করার কোনো "বিল ব্লকিং" সুবিধা আছে কি না কোম্পানির কাছ থেকে জেনে নিন।

ওয়্যারলেস সার্ভিস

সব ফী ও রেট (দর) যাচাই করে দেখুন ঃ

♦ **মাসিক ফী বা মাসিক সার্ভিস চার্জ ঃ** সাধারণতঃ মাসিক ফীতে একটা সীমিত "এয়ারটাইম" বা সময় (মিনিট) দেওয়া হয় যা আপনি ব্যবহার করতে পারেন।
♦ **সময়ের বাধা নিষেধ ঃ** আপনার সীমিত সময় ফুরিয়ে গেলে আরো কল করার জন্য আলাদাভাবে বিল ভরতে হবে।
♦ **রোমিং চার্জ ঃ** যদি আপনি আপনার বাড়ির 'কালিং এলাকা' বা আপনার এলাকার সার্ভিস এরিয়া থেকে অনেকটা দূরে থাকেন তাহলে কল করার জন্য আপনাকে অতিরিক্ত 'রোমিং চার্জ' দিতে হবে।
♦ **দূর পাল্লা ও টোল চার্জ ঃ** আপনার সেল ফোন থেকে দূর পাল্লায় কল করলে অতিরিক্ত লং ডিসট্যান্স চার্জ বা টোল চার্জ (শুল্ক) দিতে হবে।

ওয়্যারলেস সেল ফোনের সম্ভাব্য অপব্যবহার

♦ আপনার চুক্তিতে টার্মিনেশন (সমাপ্তি) ফী আছে কি না জেনে নিন। যদি চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগে ঐ সেবা বাতিল করতে চান, বেশীর ভাগ চুক্তিতে আপনার কাছ থেকে অসময়ে সমাপ্তি বাবদ চার্জ করা হবে।

♦ কখনও কখনও শপিং মলে যেসব সেলস পার্সন (বিক্রেতা) সেল ফোন বিক্রি করে তারা ঐ কোম্পানির প্রতিনিধিত্ব করলেও তাদের কর্মচারী হয় না। ফলে আপনার হয়ত দুজনের সঙ্গে পৃথক সেবার চুক্তি করতে হতে পারে, একটা রিসেলারের (পুনর্বিক্রেতার) সঙ্গে, আরেকটা ফোন কোম্পানির সঙ্গে, ফলে দ্বিগুণ টার্মিনেশন ফী দিতে হতে পারে।

♦ কখনও কখনও সেল ফোন কোম্পানি দাম কমিয়ে সেবা দেয়। তবে ঐ কম করা দাম হয়ত সীমিত সময়ের জন্য প্রযোজ্য। সবসময় জিজ্ঞাসা করে নিন ঃ "প্রচার অভিযান শেষ হয়ে যাওয়ার পর আপনার কেমন রেট থাকবে?

প্রিপেড ফোন কার্ড

প্রিপেড ফোন কার্ডে আপনি পে ফোন বা বাড়ির ফোন থেকে দূর পাল্লার, স্থানীয় বা টোল কল করতে পারেন।

আমার কি খোঁজা উচিত?
♦ কোম্পানির নাম
♦ প্রতি মিনিট চার্জের ব্যাখ্যা
♦ আপনার পছন্দসই ভাষায় বিনামূল্যে (টোলফ্রী) 24 ঘন্টার গ্রাহক পরিষেবা (কাস্টমার সার্ভিস)
♦ অতিরিক্ত চার্জ (যেমন পে ফোনে অতিরিক্ত চার্জ)
♦ টাকা ফেরত
♦ মিনিটের মোট (রাউন্ডিং) হিসাবের বিষয়ে তথ্য
♦ পুনরায় চার্জ (রিচার্জ) করার তথ্য

কিভাবে সবচেয়ে সেরা স্থানীয় ফোন সেবা বেছে নেবেন

দামের তুলনামূলক হিসাব করে দেখুন। স্থানীয় ফোন সেবার দামে এগুলি থাকবে ঃ
♦ **সেট (স্থাপন) করার ফী ঃ** আপনার সেবা শুরু করা বাবদ হয়ত এককালীন ফী দিতে হবে।
♦ **ফ্ল্যাট রেট ঃ** ফ্ল্যাট রেটে (সমান দরে) আপনাকে যদিও বেশী মাসিক ফী দিতে হবে তবে তাতে যত খুশী স্থানীয় কল করতে পারবেন।
♦ **মাপা রেট ঃ** মেসার্ড অর্থাৎ মাপা রেটে অপেক্ষাকৃত কম মাসিক ফী দিতে হলেও সীমিত সংখ্যায় কল করতে পারবেন, আর সীমা ছাড়িয়ে গেলে প্রত্যেকটা মিনিটের জন্য আপনাকে 'পে' করতে অর্থাৎ দাম দিতে হবে।
♦ **টোল কল ঃ** টোল কল অর্থাৎ আশেপাশের শহরে কল করা। এগুলি স্থানীয় কল না এবং এগুলিতে স্থানীয় কলের চেয়ে বেশী দাম দিতে হয়, এমনকি দূর পাল্লার কলের চেয়েও বেশী দিতে হতে পারে।

ইউনিভার্সাল লাইফলাইন টেলিফোন সার্ভিস

আপনি কম দামের স্থানীয় ফোন সার্ভিস ও পেতে পারে।

যোগ্য নিম্ন আয়ের পরিবারদের কম দামে স্থানীয় ফোন সেবা দেয় ইউনিভার্সাল লাইফলাইন টেলিফোন সার্ভিস (ULTS)।

ULTS পাওয়ার যোগ্য হওয়ার জন্য কর দেওয়ার আগে আপনার পরিবারের আয় হতে হবে ঃ

পরিবারের আয়ের আয়তন

1-2 সদস্য $19,600	6 সদস্য $37,000
3 সদস্য $23,200	7 সদস্য $41,600
4 সদস্য $27,600	8 সদস্য $46,200
5 সদস্য $32,400	

এই সংখ্যাগুলি 31 মে 2004 পর্যন্ত প্রযোজ্য ও পরিবর্তনসাপেক্ষ।

কিভাবে সবচেয়ে সেরা দূর পাল্লার (লং ডিসট্যান্স) ফোন সেবা বেছে দেখুন

সবচেয়ে সেরা লং ডিসট্যান্স সার্ভিসের জন্য বিবেচনা করে দেখুন ঃ

♦ **মাসিক ফী**
♦ **ন্যূনতম চার্জ**
♦ **পরিবর্তন বাবদ ফী ঃ** যখন আপনি লং ডিসট্যান্স কোম্পানিতে বদলি করবেন স্থানীয় ফোন কোম্পানি আপনার কাছ থেকে 'সুইচিং ফী' দাবি করবে।
♦ **প্রচারে বাধা নিষেধ ঃ** কয়েকটা বিজ্ঞাপনের দর শুধু প্রারম্ভিক ভুমিকাস্বরূপ অফারের অংশ হয় যা আপনি সার্ভিস যোগ দেওয়ার পর সীমিত সময়ের জন্য প্রযোজ্য থাকে।
♦ **সময়ে বাধা নিষেধ ঃ** কয়েকটা বিজ্ঞাপনের দর শুধু দিনের কয়েক ঘন্টা অথবা সপ্তাহের মাত্র কয়েকটা দিনে পাওয়া যায়।